



মিয়ানমার সংকটে ছবির টেকনাফ বন্দর, পরিদর্শনে স্বরাষ্ট্রমন্ত্রী



টেকনাফ ছলবন্দর পরিদর্শন করেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। ছবি: প্রতিদিনের বাংলাদেশ টেকনাফ ছলবন্দর পরিদর্শন করেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। ছবি: সংগৃহীত

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ মঙ্গলবার সকালে টেকনাফ ছলবন্দর পরিদর্শন করেছেন। সকাল সাড়ে ৯টার দিকে তিনি বন্দরে পৌঁছালে সংশ্লিষ্ট কর্মকর্তারা তাকে স্বাগত জানান।

পরিদর্শনের সময় মন্ত্রী বন্দরের জেটিঘাটে গিয়ে সামগ্রিক পরিস্থিতি ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করেন। পাশাপাশি গুদাম, প্রশাসনিক ভবনসহ বিভিন্ন অবকাঠামো ঘুরে দেখেন তিনি। বন্দর ভবনের ওপর থেকে নাফ নদীর জলসীমাও পর্যবেক্ষণ করেন।

বন্দর পরিচালনাকারী সংস্থা ইউনাইটেড ল্যান্ড পোর্ট লিমিটেডের টেকনাফ শাখার কর্মকর্তারা জানান, পরিদর্শনকালে মন্ত্রীকে বন্দরের বর্তমান কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয়। বিশেষ করে মিয়ানমারের অভ্যন্তরীণ সংকটের কারণে কবে থেকে কার্যক্রম ছবির হয়ে আছে, সে বিষয়টিও তুলে ধরা হয়।

এ সময় উপস্থিত ছিলেন কক্সবাজার-৪ আসনের সংসদ সদস্য লুৎফুর রহমান কাজল, উখিয়া-টেকনাফ আসনের সংসদ সদস্য শাহাজাহান চৌধুরী, জেলা পরিষদের প্রশাসক এটিএম নুরুল বশরসহ প্রশাসন ও বিজিবির উর্ধ্বতন কর্মকর্তারা।